দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 14 AUG 2015 ..
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৫ ...

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা ২২ থেকে ২৫ নভেম্বর

ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা আগামী ২২, ২৩, ২৪ ও ২৫ নভেম্বর ২০১৫ রোববার হতে বুধবার পর্যন্ত পুনর্নির্ধারণ করা হয়। গতকাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে কেন্দ্রীয় ভর্তি কমিটির এক সভায় ভর্তি পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ করা হয়। উপ-পরিচালক (জনসংযোগ কর্মকর্তা) হাফিজুর রহমান জানান, ভর্তি কমিটির সভায় বিস্তারিত বিষয় আলোচনাক্রমে অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের সাথে ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখ সমন্বয়ের জন্য ২০১৫-১৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা আগামী ২২, ২৩, ২৪ ও ২৫ নভেম্বর ২০১৫ রোববার হতে বুধবার পর্যন্ত পুনর্নির্ধারণ করা হয়। ভর্তি পরীক্ষার অন্যান্য তথ্যাদি পরবর্তীতে বিভিন্ন পত্রিকা ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.jkkniu.edu.bd)- এ প্রদান করা হবে।